

প্যারোডীঃ আয় ছোঁড়ারা

রচনাঃ খন্দকার জাহিদ হাসান

মূলঃ জসিম উদ্দিনের 'মামার বাড়ী'।

আয় ছোঁড়ারা আয় ছুঁড়িরা
শাক তুলিতে যাই,
হালুয়া-রুটির ভেট্ বাগাতে
পাড়ায় পাড়ায় ধাই।
খরার দিনে চুপড়ি কাঁখে
পাতা কুড়োতে সুখ
খাবার নিয়ে দম্ব করি
মন্দ করি মুখ।
গলির মোড়ে হদ কুকুর
হেথায় হোথায় মল
এপার হ'তে চোখ না ফেরায়
ওপার পথিক দল
দিনে সেথায় নাসায় ফোটে
চাপা ঘ্রাণের ছল
রাতের চপল হাওয়ার সনে
হেসেই না পায় কূল!
ইলেকট্রিকের খুঁটির তারে
মরা বাদুড় দোলে,
ছোঁড়াছুঁড়ি আয় ছুটে যাই
সবহারাদের দলে।

অক্ল্যাভ,

১৪/১১/২০০০।